



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



অতীব জরুরী

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৪৫৯

তারিখঃ ২৯/০৭/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৬১১; তারিখঃ ২৪ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট ২০১৮ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ০৫.০৭.২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয়ের সভা এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ১২.০৭.২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- ১) ১৫ আগস্ট ২০১৮ তারিখ বুধবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।
- ২) সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজনের মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী যথাযথভাবে পালন করতে হবে।

গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি এবং সংশ্লিষ্ট সকলকে ১৫ আগস্ট ২০১৮ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবসে উল্লিখিত সিদ্ধান্ত তাদের নিজস্ব ব্যবস্থাপনায় পালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৫৮৬১০২১৬

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার ও পরিচালনা কমিটি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিভুক্ত সকল মাদ্রাসা।

নং- ৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০১.১৮-৪৫৯(৯)

তারিখঃ ২৯/০৭/২০১৮ খ্রিঃ

বিতরণ- কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. জেলা প্রশাসক, সকল।
২. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক/ মাদ্রাসা পরিদর্শক/ প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৮. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক কার্যালয়, সকল।
৯. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪